# বাংলাদেশ পাটকল করপোরেশন

আদমজী কোর্ট, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
প্রশাসন বিভাগ (প্রশাসন-১ শাখা)
www.bjmc.gov.bd


মুজিব শতবর্ষ MUJIB 100

**সূত্র নং:** ২৪.০৪.০০০০.২০৪.৩৬.০০১.২১- ৮৪

তারিখ: ০২ চৈত্র, ১৪২৯ / ১৬ মার্চ, ২০২৩

**বিষয়:** তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক বিষয়ে সভার নোটিশ।

তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে আগামী ১৯ মার্চ, ২০২৩ তারিখ বিকেল ৪:০০ ঘটিকায় হাফিজ জুট মিলস্ লিমিটেড, বার-আউলিয়া, চট্টগ্রাম এর সভা কক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আঞ্চলিক কার্যালয়ের আরসিওগণ এবং চট্টগ্রাম অঞ্চলের প্রকল্প প্রধানগণসহ বিজেএমসি'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৬/৩/২০২৩
(মোঃ নাসিমুল ইসলাম)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃ সেবা)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা (আরসিও), বিজেএমসি চট্টগ্রাম /ঢাকা /খুলনা অঞ্চল।
২) প্রকল্প প্রধান (সকল) ------- মিল।
৩) সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা।
৪) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৫) পরিচালক (গমানি) মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৬) দপ্তর নথি/ মাষ্টার নথি।

# বাংলাদেশ পাটকল করপোরেশন

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক বিষয়ে সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোঃ নাসিমুল ইসলাম, মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃসেবা), বিজেএমসি। |
| সভার স্থান | : | হাফিজ জুট মিলস্ লিমিটেড, বার-আউলিয়া, চট্টগ্রাম এর সভা কক্ষ। |
| তারিখ | : | ১৯/০৩/২০২৩ খ্রিঃ। |
| সময় | : | বিকেল ৪.০০ টা। |

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হলো।

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভা আহবানের প্রেক্ষাপট আলোচনা করেন। তিনি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে এ সংস্থার আওতাধীন চট্টগ্রাম অঞ্চলের মিলগুলো ২০২২-২৩ অর্থ বছরের তথ্য অধিকার বিষয়ক কর্ম পরিকল্পনা প্রণয়ন করেছে এবং তথ্য অধিকার বিষয়ক কর্ম-পরিকল্পণার লক্ষ্যমাত্রা অনুযায়ী তা বাস্তবায়ন হচ্ছে। তিনি তথ্য অধিকার সম্পর্কে সংক্ষিপ্তকারে সভায় উপস্থাপন করেন।

বর্তমানে বিজেএমসির মিলগুলো লিজ প্রদানের কার্যক্রম চলমান। মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত তথ্য অধিকার বিষয়ক কার্যপরিধি অনুসরণে সংস্থার নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম অঞ্চলের মিলগুলো লিজ ও অন্যান্য সেবা গ্রহণের সাথে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের প্রয়োজনীয় সহযোগীতা করা হচ্ছে এবং তথ্য অধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি করছে। বিশেষকরে মিলসমুহ লিজ গ্রহণে আগ্রহী স্টেকহোল্ডারণ মিল পরিদর্শনে আসলে তাদের প্রয়োজনী তথ্য দিয়ে সহযোগীতা করা হচ্ছে। এছাড়া মিলগলোতে অন্য সেবা গ্রহীতাদের যথাযত সেবা নিশ্চিতকরণ এবং সেবা প্রাপ্তির বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য সিটিজেন চার্টার যথাযথভাবে প্রদর্শনের উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন। ক্ষেত্রমতো ইলেকট্রোনিক মাধ্যম বা ইমেইলেও তথ্য পাওয়ার জন্য আবেদন করা যাবে। প্রয়োজনে স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য ওয়েব সাইটে প্রকাশ করা যাবে। সভাপতি তথ্য অধিকার আইন বিষয়ে আরও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন।

বিজেএমসি চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের মহাব্যবস্থাপক (আরসিও) বলেন যে, চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতা মানুষের অন্যতম মৌলিক অধিকার। 'তথ্য অধিকার' প্রতিষ্ঠার মাধ্যমে এই অধিকারসমূহ সুপ্রতিষ্ঠিত হয়। এ কারণেই তথ্য অধিকারকে চিন্তা, বিবেক ও বাকস্বাধীনতার অবিচ্ছেদ্য অংশ হিসেবে তথ্য অধিকার আইনে নির্ধারিত বাধা-নিষেধ ব্যতীত দেশের প্রতিটি কর্মকান্ডের তথ্য চাহিদার পরিপ্রেক্ষিতে বা স্ব-প্রণোদিতভাবে জনগণকে জানানোর বাধ্যবাধকতা সৃষ্টি করা হয়েছে। আর দরকারি তথ্য পাওয়ার জন্য সরকার ২০০৯ সালে তথ্য অধিকার আইন প্রণয়ন করেছে। তথ্যে নাগরিকের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য তথ্য অধিকার আইন সম্পর্কে সম্যক ধারণা লাভের বিকল্প নেই। তাই তথ্য অধিকার আইন সম্পর্কিত প্রশিক্ষণটি সম্পন্ন করা খুবই গুরুত্বপূর্ণ।

সভায় মিলগুলোর পক্ষে আমিন জুট মিলের প্রকল্প প্রধান বলেন, নাগরিকের ন্যায্য অধিকার আদায়ের একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার তথ্য অধিকার। তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ তথ্য প্রদানের মাধ্যমে তাঁর প্রতিষ্ঠান সম্পর্কে মানুষের ভুল ধারণা ও অবিশ্বাস দূর করে জনগণের বিশ্বাস ও আস্থা অর্জনে সক্ষম হবে। এভাবে সেবা দাতা ও গ্রহীতার মধ্যে সেতুবন্ধন সৃষ্টি হবে, গণতন্ত্রের অগ্রযাত্রার জন্য যা খুবই গুরুত্বপূর্ণ।

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। বিজেএমসি'র কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা অব্যাহত রাখতে হবে।

২। প্রকাশযোগ্য তথ্য স্ব-প্রণোদিতভাবে ওয়েব সাইটে প্রকাশ করা করতে হবে।

৩। তথ্য অধিকার আইন বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনগনকে সচেতন করার লক্ষ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মশালা/সভা/সেমিনার আয়োজন করতে হবে।

৪। কোয়ার্টার ভিত্তিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।

এ বিষয়ে আর কোন বক্তব্য না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৩/২০২৩

মোঃ নাসিমুল ইসলাম

মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃসেবা)

(পরবর্তী পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য)

**বাংলাদেশ পাটকল করপোরেশন**
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

স্মারকনং: ২৪.০৪.০০০০.২০৪.৩৬.০০১.২১- ৯৬ তারিখ: ২১/০৩/২০২৩ খ্রি:

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মহাব্যবস্থাপকবৃন্দ, বিজেএমসি, ঢাকা।
২। আঞ্চলিক সমন্বয়কারী কর্মকর্তা, ঢাকা/খুলনা/চট্টগ্রাম।
৩। প্রকল্প প্রধান, সকল মিল।
৪। সকল বিভাগীয় প্রধান, বিজেএমসি, ঢাকা।
৫। সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।

**অনুলিপিঃ**
১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
২। পরিচালক মহোদয়গণের একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৩। মুখ্য পরিচালন কর্মকর্তার একান্ত সচিব, বিজেএমসি, ঢাকা।
৪। দপ্তর নথি/ মাষ্টার নথি।

২১/৩/২০২৩
মোঃ নাসিমুল ইসলাম
মহাব্যবস্থাপক (প্রশাসন ও সাঃসেবা)

**বাংলাদেশ পাটকল করপোরেশন**
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

হাফিজ জুট মিলস্ লিঃ এর বোর্ড সভা কক্ষে অদ্য বেলা ৪:০০ ঘটিকায় চট্টগ্রাম জোনের মিলসমূহের কর্মকর্তাদের নিয়ে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক বিষয়ে আয়োজিত সভায় উপস্থিতির স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম, পদবী, বিভাগ, কার্যালয় | মোবাইল নম্বর ও স্বাক্ষর |
|---|---|---|
| ১. | মো: গোলাম কবীর<br>[illegible], চিত্তরঞ্জন [illegible] | [signature]<br>১৯/৩/২০২৩ |
| ২. | মো: আরিফুল ইসলাম<br>[illegible], [illegible] | [signature]<br>১৯/৩/২০২৩ |
| ৩. | মো: নাসিরুল ইসলাম<br>সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)<br>এম.আর.জুট মিল | [signature]<br>১৯/৩/২০২৩ |
| ৪. | এ,কে,এম, মোস্তফা কামাল<br>প্রকল্প প্রধান, আলীম জুট মিলস্ | [signature] ১৯/৩/২৩ |
| ৫ | মো: জসিম উদ্দিন<br>প্রকল্প প্রধান হাফিজ জুট মিলস্ | [signature]<br>১৯/০৩/২০২৩ |
| ৬. | মো: আবদুল মান্নান<br>ব্যবস্থাপক ([illegible])<br>চিত্তরঞ্জন [illegible] | [signature]<br>১৯/৩/২৩ |
| ৭. | ইঞ্জি: মো: লুৎফুল হায়দার<br>সহকারী [illegible] [illegible]<br>চিত্তরঞ্জন [illegible] | [signature]<br>১৯/০৩/২০২৩ |

| ক্রমিক নং | নাম, পদবী, বিভাগ, কার্যালয় | মোবাইল নম্বর ও স্বাক্ষর |
| --- | --- | --- |
| ৮. | মো: আমিনুল ইসলাম<br>প্রোগ্রামার<br>সড়ক ও সেতু মন্ত্রণালয় | 01717924759<br>[signature] ১৯/০৩/২৩ |
| ৯. | মো: নূর নবী<br>প্রকল্প প্রধান<br>আর আর ফুড মিলস্ লি: | 01944777767<br>[signature] ১৯/০৩/২৩ |
| ১০. | মোহাম্মদ আবুল কালাম আজাদ<br>(সহকারী রক্ষণাবেক্ষক (উদ্যান) ও<br>প্রশাসন বিভাগীয় প্রধান<br>[illegible]) | 01724815161<br>[signature] 19/03/23 |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

**বাংলাদেশ পাটকল করপোরেশন**

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

হাফিজ জুট মিলস্ লিঃ এর বোর্ড সভা কক্ষে অদ্য বেলা ৪:০০ ঘটিকায় চট্টগ্রাম জোনের মিলসমূহের কর্মকর্তাদের নিয়ে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক বিষয়ে আয়োজিত সভায় উপস্থিতির স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম, পদবী ও বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|
| ১১ | মোসলেহউদ্দিন পাটওয়ারী<br>উপব্যবস্থাপক (প্রশাসন) [illegible] জুট মিল | [signature] |
| ১২ | কে, এম হারুন অর রশীদ<br>উপমহাব্যবস্থাপক (প্রশাসন)<br>আর আর জুট মিলস লি. | [signature] |
| ১৩ | মো: শামসুল করিম<br>এজিএম (প্রশাসন)<br>এম এম জুট মিলস লি: | [signature] |
| ১৪. | রন্টু রহমান<br>সহ: প্রকৌ: বস্ত্র, বিজেএমসি | [signature] 19.3.23 |
| ১৫ | সৈয়দ মোহাম্মদ মনিরুল ইসলাম<br>উপমহাব্যবস্থাপক (প্রশাসন), মিলস ফার্নিশিং লি | [signature] |
| ১৬ | মোঃ কবির হোসেন<br>সহকারী প্রকৌঃ (বিদ্যুৎ)<br>মিলস ফার্নিশিং লিঃ | [signature] 19/3/23 |
| ১৭ | জেবদুল মজুমদার, সহ: প্রকৌশলী (বিদ্যুৎ)<br>গুল আহমদ জুট মিলস লিঃ | [signature] ১৯/৩/২৩ |
| ১৮ | মো: গোলাম সরওয়ার<br>প্রকৌশলী ([illegible])<br>[illegible] কার্পেট ফ্যাক্টরী | [signature] ১৯/৩/২৩ |
| ১৯ | মোহাম্মদ শফিউল আলম<br>উপ-ব্যবস্থাপক (উৎ)<br>আর আর জুট মিলস লি. | [signature] /৩/২৩ |
| ২০ | সাইফুল ইসলাম, উপ-ব্যবস্থাপক<br>(উৎ), গুল আহমদ জুট মিলস লি, | [signature] |
| ২১ | মো: মাহবুবুল হক উপ-ব্যবস্থাপক<br>(উৎ) হাফিজ জুট মিলস লি: | [signature] 19-03-2023 |

| ক্রমিক নং | নাম, পদবী ও বিভাগ | স্বাক্ষর |
|---|---|---|
| ২২। | মো: আবিদ উদ্দিন সরকার<br>উপ-ব্যবস্থাপক (পার্টস ও লজিস্টিক) | |
| ২৩। | আনোয়ার উদ্দিন মাহমুদ<br>উপ-ব্যবস্থাপক ([illegible]) ও প্রশাসনিক প্রধান<br>[illegible] লি: | |
| ২৪। | মো: আব্দুল হামিদ<br>সহ: ব্যবস্থাপক (উৎ:)<br>[illegible] জুট মিলস লি. | |
| ২৫। | মো: সাইদুল ইসলাম<br>সহকারী ব্যবস্থাপক (উৎপাদন)<br>কেএফডি (কর্ণফুলী) জুট মিলস্ লি: | ১৯/০৩/২৫ |
| ২৬। | কে.এম, তানভিরুল রহমান<br>উপ-ব্যবস্থাপক (প্রশাসন) | ১৯/০৩/২৫ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |